

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)  
সিপিটিইউ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

Tel: 9144252-3, Fax : 9180968, E-mail: [info@cptu.gov.bd](mailto:info@cptu.gov.bd); Website: [www.cptu.gov.bd](http://www.cptu.gov.bd)

স্মারক নং- ৩৪৮২	তারিখ- ১০/১০/২০১৯
পরিচালক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী	প্রধান প্রকৌশলী
উপ-পরিচালক/সহ প্রকৌশলী	উপ-পরিচালক/সহ প্রকৌশলী
উপস্থাপন করণ / ব্যবস্থা নিয়ন্ত্রক	উপস্থাপন করণ / ব্যবস্থা নিয়ন্ত্রক
অন্য	অন্য

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০২০.১৯-২০২

তারিখঃ ১০/১০/২০১৯ খ্রিঃ

**বিষয়ঃ ই-জিপি'র মাধ্যমে একাধিক কাজের জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের কাজের মান প্রসংগে।**

সূত্রঃ-(১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৪১; তারিখঃ ১২/০৮/২০১৯ খ্রিঃ


(২) প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৪১; তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে “একাধিক কাজ নিয়ে যীরা কাজের মান ও সময় ঠিক রাখতে পারেন না তীরা প্রাপ্ত কাজ সম্পন্ন না করা পর্যন্ত আর কোন কাজ পাবেন না” এবং “কাজের গুনগত মান ও নির্ধারিত সময়ে কাজ শেষ করেছে কি না সে বিষয়েও প্রকল্প পরিচালকদের সক্রিয় হওয়া” বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা সংযুক্ত করা হল।

০২। উল্লেখ্য, ক্রয়কার্য বাস্তবায়নে কাজের মান ও সময় চুক্তির শর্ত অনুযায়ী ঠিক রাখতে ব্যর্থ হলে সেটি পিপিএ ২০০৬ এর ধারা ৬৪ (৬) এবং পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ (৪) (গ) অনুযায়ী চুক্তির মৌলিক শর্ত লংঘন করা বোঝায়। এ ধরণের ঠিকাদারদের বিষয়ে বিধি ১২৭ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের নির্দেশ রয়েছে। ফলে এক বা একাধিক কাজ নিয়ে যে সকল ঠিকাদার কাজের মান ও সময় ঠিক রাখতে ব্যর্থ হবেন পিপিআর ২০০৮ অনুযায়ী তীদের পুনরায় কাজ দেয়ার সুযোগ নেই।

০৩। আরো উল্লেখ্য, ক্রয়চুক্তি বাস্তবায়নে চুক্তির সাধারণ শর্তাবলীতে প্রকল্প পরিচালক বা ব্যবস্থাপকদের সুনির্দিষ্ট দায়িত্ব ও কর্তব্য নির্ধারিত আছে। কাজের গুনগত মান ও নির্ধারিত সময়ে কাজ শেষ হয়েছে কি না এটিও চুক্তির সাধারণ শর্তাবলীর অংশ। সেটিও যথাযথভাবে অনুসরণ করার জন্য সকল প্রকল্প পরিচালক/ ব্যবস্থাপকদের দৃষ্টি আকর্ষণ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(মোঃ আলী নূর)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯১৪৪২৫২-৩

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৩. মুখ্য সমন্বয়ক, এসডিজি বিষয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪. সিনিয়র সচিব/সচিব,..... মন্ত্রণালয়/  
বিভাগ.....।
৫. সদস্য,..... পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬. চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান (সকল টার্গেট এজেন্সী)  
.....  
.....

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়পুরাতন সংসদ ভবন  
ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৫২

তারিখ ১৮ অগ্রায়ন ১৪২৬ বঃ  
০৩ অক্টোবর ২০১৯ খ্রিঃ

বিষয়: 'E-GP'র মাধ্যমে একাধিক কাজের জন্য কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের কাজের মান প্রসংগে।

সূত্র-১: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের স্মারক নং-২১.০০.০০০০.০৫৪.৩১.০৩৭.১৬-৩২৪, তারিখ: ০২.০৮.২০১৮  
সূত্র-২: অত্র কার্যালয়ের পত্র সংখ্যা নং-০৩.০৭৩.০৪৬.২১.০০.০০১.২০১৮-২৪১, তারিখ: ১২ আগস্ট ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্র-১ এ প্রাপ্ত প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করা হলে একাধিক কাজ নিয়ে যারা কাজের মান ও সময় ঠিক রাখতে পারেনা তাঁরা প্রাপ্ত কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত আর কোন কাজ পাবে না মর্মে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সদয় নির্দেশনা পাওয়া যায়।

০২। এছাড়াও, কাজের গুণগত মান দেখাসহ নির্ধারিত সময়ে কাজ শেষ করেছে কিনা সে বিষয়েও প্রকল্প পরিচালকদের সক্রিয় হওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেছেন।

০৩। তৎপ্রেক্ষিতে, সূত্রোক্ত-২ নং পত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছিল।

০৪। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা অনুযায়ী গৃহীত পদক্ষেপসমূহ এ কার্যালয়কে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শামীম আহমেদ)  
পরিচালক-৬

ফোন: ৫৫০২৯৪২৬ ফ্যাক্স: ৫৫০২৯৫৬৩  
ই-মেইল: [dir6@pmo.gov.bd](mailto:dir6@pmo.gov.bd)

## অনুলিপি:

- ০১। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।